গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়,যশোর

স্মারক নং- ৪১.০১.৪১০০.০০০.০০০.২৮.০৭২.০২০.২৬, ২১২ তাং ১৩/০৪/২০২৬ খ্রি:।

সভাপতি/সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
গ্রাম-আমদাবাদ বাজার, ডাকঘর-যশোর সদর
উপজেলা- যশোর সদর, জেলা- যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ প্রতিষ্ঠান (রেজিষ্ট্রেশন ও নিয়ন্ত্রন)১৯৬১ সালের (XLVI) অধ্যাদেশের আওতাধীন বিধিবদ্ধ ভাবে নিবন্ধীকরণ করিবার জন্য যশোর জেলার যশোর সদর উপজেলার ঠিকানায় পরিচালিত/ স্থাপিত হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, গ্রাম-আমদাবাদ বাজার, ডাকঘর-যশোর সদর, উপজেলা- যশোর সদর, জেলা- যশোর এর পক্ষে উপস্থাপিত কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, ঢাকার মতামতের প্রেক্ষিতে উপরে উল্লেখিত স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ সমিতি সরকারী আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী নিবন্ধীকরণ করা হলো। নিবন্ধীকরন নম্বর : যশোর-১৭৪০/২০২৬ তারিখ : ১৩/০৪/২০২৬ খ্রি: স্থির করা হলো।

**শর্তাবলী:**

১. ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) ৪৬ নং অধ্যাদেশ এবং এ আইনের অধীনে প্রণীত বিধি ও অনুমোদিত গঠনতন্ত্র মেনে চলতে হবে।
২. নিয়মিত বার্ষিক রিপোর্ট ও হিসাব নিরীক্ষা প্রতিবেদন সংশ্লিষ্ট বিধিমালার ৯ ও ১০ বিধি মতে নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
৩.নিবন্ধন সদন প্রাপ্তির তারিখ হতে ৩ (তিন) মাসের মধ্যে কাজ শুরু করতে হবে এবং কাজ শুরুর ১৫ (পনের) দিনের মধ্যে তা রেজিস্ট্রেশন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর এর অনুমতি ব্যতীত সংস্থার কোন কার্যক্রম অন্য জেলায় পরিচালনা করা যাবেনা।
৫. সংস্থার কার্যনির্বাহী কমিটির মেয়াদ উত্তীর্ণ হলে ও গঠনতন্ত্রের কোন সংশোধন বা পরিমার্জন করতে হলে নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে
৬. সনদপত্রে যে নামকরণ আছে তা ব্যতীত অন্য কোন ভাবে বা সংক্ষিপ্ত আকারে নাম ব্যবহার করা যাবেনা। নামের সাথে অবশ্যই নিবন্ধন নম্বর ব্যবহার করতে হবে এবং ঠিকানা পরিবর্তনের ০৭ ( সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তার মাধ্যমে উপপরিচালক কে অবহিত করতে হবে
৭. মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির অনুমতি ব্যতীত সঞ্চয়/ ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করা যাবেনা।
৮. নিবন্ধন সনদের অপর পৃষ্ঠায় বর্ণিত নির্দেশাবলী অবশ্যই পালন করতে হবে।
৯. সংস্থার নামে ব্যাংক একাউন্ট নম্বর, সভাপতি ও সাধারণ সম্পাদকের মোবাইল নং এবং জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
১০. সমাজসেবা অধিদফতর হতে বিভিন্ন সময়ে জারিকৃত শর্ত ও দেশের প্রচলিত আইন মেনে কার্যক্রম পরিচালনা করতে হবে।
১১. কর্ম এলাকার সকল স্তরের জনগনের অংশগ্রহণ, আস্থা অর্জন ও সদস্যপদ লাভের অধিকার প্রদান করতে হবে।
১২. সংস্থা এর কার্যক্রম গ্রহনের ক্ষেত্রে জেলা প্রশাসক মহোদয়ের অনুমতি নিতে হবে।
১৩. সংস্থার অনুমোদিত গঠনতন্ত্রে যা কিছু উল্লেখ থাকুক না কেন, সংস্থার কার্যক্রম ১৯৬১ সালের ( নিবন্ধন ও নিয়ন্ত্রণ) ৪৬ নং অধ্যাদেশ, ১৯৬২ ( নিবন্ধন ও নিয়ন্ত্রণ)বিধিমালা এবং জাতীয় সমাজকল্যাণ নীতিমালার আওতায় পরিচালনা করতে হবে।

বর্ণিত অবস্থায় স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, এতদসংক্রান্ত বিধিমালা এবং সরকারের নির্দেশাবলী যথাযথ অনুসরণ পূর্বক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

১৩/৪/২৬

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়,যশোর

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :
১. মহাপরিচালক,সমাজসেবা অধিদফতর,বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক(কার্যক্রম), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩. জেলা প্রশাসক,যশোর
৪. উপপরিচালক(নিবন্ধন ও নিয়ন্ত্রন শাখা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৫. উপজেলা সমাজসেবা অফিসার, যশোর সদর,যশোর।
৬. অফিস কপি

D:\NGO সংক্রান্ত সকল তথ্যাদি\নিবন্ধনের জন্য ফরাডিং-৩.docx

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়,যশোর

স্মারক নং -৪১.০১.৪১০০.০০০.০০০.১৬.০০২৮.২৬. ২১৬ তারিখঃ ১৩/০৪/২০২৬ খ্রি:

বিষয়ঃ হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন এর নবগঠিত কার্যকরী কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: ৪১.০১.৪১৪৭.০০০.০০০.২৮.০০০২.২৬. ৫৪ তারিখ: ০১/০৪/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, গ্রাম-আমদাবাদ বাজার, ডাকঘর-যশোর সদর, উপজেলা- যশোর সদর, জেলা- যশোর, নিবন্ধন নং-১৭৪০/২০২৬ তাং ১৩/০৪/২০২৬ এর নবগঠিত কার্যকরি কমিটি ০১/০১/২০২৬ হতে ৩১/১২/২০২৮ খ্রি: তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য অনুমোদন দেওয়া হলো। উল্লেখ্য অনুমোদিত কার্যকরী কমিটির নিম্নবর্ণিত শর্তাবলী ভঙ্গ করলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

| ক্রমিক নং | নাম | পিতা/স্বামীর নাম | ঠিকানা | পদবী |
|---|---|---|---|---|
| ১ | মোঃ সাজ্জাদ হোসেন | মোঃ শাহাজান আলী | গ্রামঃ সিলুমপুর, আমদাবাদ বাজার, সদর, যশোর | সভাপতি |
| ২ | মোঃ আবু জাফর | মোঃ আঃ সালাম | গ্রামঃ আমদাবাদ, আমদাবাদ বাজার, সদর, যশোর | সহ-সভাপতি |
| ৩ | মোঃ মামুনুর রহমান | মোঃ ওলিয়ার রহমান | গ্রামঃ আলমনগর, আমদাবাদ বাজার, সদর, যশোর | সাধারণ সম্পাদক |
| ৪ | মোঃ মেহেদী হাসান | মোঃ আব্দুল লতিফ | গ্রামঃ ফরিদপুর, আমদাবাদ বাজার, সদর, যশোর | সহ সাধারণ সম্পাদক |
| ৫ | মোঃ ইয়াছির আরাফাত | মোঃ আকরাম হোসেন | গ্রামঃ সিলুমপুর, আমদাবাদ বাজার, সদর, যশোর | কোষাধ্যক্ষ |
| ৬ | রজু আহমেদ | মোঃ হেলাল উদ্দীন | গ্রামঃ আমদাবাদ, আমদাবাদ বাজার, সদর, যশোর | নির্বাহী সদস্য |
| ৭ | মোঃ ইনজামামুল হক | মোঃ আকরাম হোসেন | গ্রামঃ চান্দুটিয়া, চান্দুটিয়া, সদর, যশোর | নির্বাহী সদস্য |

শর্তাবলীঃ

১। ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) ৪৬ এর অধীনে প্রণীত বিধি ও অনুমোদিত গঠনতন্ত্র মেনে চলতে হবে।

২। নিয়মিত বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্ট সংশ্লিষ্ট বিধির ৯ ও ১০ ধারা মতে নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

৩। অনুমোদিত কার্যকরী কমিটির মেয়াদ উত্তীর্ণ হলে ও গঠনতন্ত্রের কোন সংশোধন বা পরিমার্জন হলে তা অনুমোদনরেন জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে।

CamScanner

৪। নিবন্ধন সনদপত্রে যে নামকরণ করা আছে তা ব্যতীত অন্য কোন নাম বা সংক্ষিপ্ত আকারে নাম ব্যবহার করা যাবে না। নামের সাথে অবশ্যই নিবন্ধন নম্বর ও তারিখ ব্যবহার করতে হবে। কোন কারণে ঠিকানা পরিবর্তনের প্রয়োজন হলে ৭ (সাত) দিন পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে।

৫। ১৯৬১ সনের অধ্যাদেশ পরিপন্থি ক্ষুদ্রঋণকার্যক্রম পরিচালনা করা যাবে না।

৬।কার্যকরী কমিটি গঠনে নির্বাচনে নিবন্ধন কর্তৃপক্ষের প্রতিনিধির উপস্থিত নিশ্চিত করতে হবে।

৭। কার্যকরী কমিটিতে একই পরিবারের একের অধিক সদস্যকে অন্তর্ভূক্ত করা যাবে না।

৮। উল্লিখিত শর্তাদি পালনে ব্যর্থ হলে অনুমোদিত কমিটি বাতিল বলে গণ্য হবে।

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়,যশোর

সভাপতি/সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
গ্রাম-আমদাবাদ বাজার, ডাকঘর-যশোর সদর
উপজেলা- যশোর সদর, জেলা- যশোর।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

১. জেলা প্রশাসক, যশোর।
২. উপজেলা নির্বাহী অফিসার,যশোর সদর,যশোর।
৩. উপজেলা সমাজসেবা অফিসার,যশোর সদর.যশোর।
৪, অফিস কপি।

# গঠণতন্ত্র

**ধারা নং-০১ সংস্থার নাম ও ঠিকানা** ঃ হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন।

**Human Development Organization.**

(অরাজনৈতিক সামাজিক স্বেচ্ছাসেবী সংস্থা) আমদাবাদ বাজার (৮নং ওয়ার্ড) ৮নং দেয়াড়া মডেল ইউনিয়ন, ডাকঘরঃ আমদাবাদ বাজার-৭৪০০, সদর, যশোর।

**ধারা নং-০২ সংস্থা স্থাপনের তারিখ** ঃ ০৫/০৫/২০২২ ইং

**ধারা নং-০৩ সংস্থা কার্য এলাকা** ঃ ৮নং দেয়াড়া মডেল ইউনিয়ন।

তবে কর্তৃপক্ষের অনুমতিক্রমে এলাকা সম্প্রসারণ করা যাইবে।

**ধারা নং ০৪ সংস্থার উদ্দেশ্য ও লক্ষ্য** ঃ

ইহা একটি অরাজনৈতিক সমাজ সংস্কার মূলক, সমাজ উন্নয়ন গবেষণা ও সেবাধর্মী, সেচ্ছাসেবী সংস্থা । অত্র সংস্থার কার্য্য এলাকার অসহায় পিছিয়ে থাকা ছিন্নমূল মানব গোষ্ঠির জীবনযাত্রার মানউন্নয়ন, আর্থ-সামাজিক উন্নয়ন, পুনর্বসানের লক্ষ্যে নিম্ন বর্ণিত উদ্দেশ্য বাস্তবায়ন করিবে ঃ

- দরিদ্র মানুষের শিক্ষা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।
- বয়স্ক শিক্ষা ও শিশু শিক্ষা নিশ্চিত করা ।
- অধিকার বঞ্চিত কিশোর কিশোরীদের সামাজিক **শিক্ষার** সুযোগ প্রদান করা।
- প্রতিবন্ধিদের উন্নয়নে বিভিন্ন কর্মসূচি গ্রহন করা।
- মাদক ও সন্ত্রাসমুক্ত সমাজ গঠনে বিভিন্ন কর্মসূচি গ্রহন করা।
- প্রাকৃতিক দূর্যোগ প্রতিরোধে ত্রাণ ও পুনর্বাসন কর্মসূচি গ্রহন করা।
- গ্রামীণ অবকাঠামোগত উন্নয়নের জন্য বিভিন্ন সরকারী, বে-সরকারী, সেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন করা।
- নারী নির্যাতন ও বাল্যবিবাহ রোধকল্পে কার্যক্রম গ্রহন করা।
- গ্রামীণ জনগোষ্ঠিকে প্রচলিত আইনের সুবিধা প্রদানের জন্য **"লিগ্যাল এইড"** কার্যক্রম গ্রহন করা।
- পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য জনগণকে পরিবেশ সম্পর্কে সচেতন করিয়া তোলা এবং বিভিন্ন কার্যক্রম গ্রহন করা, বিশেষ করিয়া পারিবারিক সামাজিক বনায়ন সৃষ্টি করা।
- অসামাজিক কার্যকলাপ রোধকরে বিভিন্ন কর্মসূচি গ্রহন করা।
- ভূমিহীন, বিত্তহীন, নিম্নবিত্ত ও মধ্যবিত্ত জনগোষ্ঠী এবং কৃষক সম্প্রদয়কে স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ছোট ছোট দল গঠনের মাধ্যমে সংঘবদ্ধ করা এবং তাদের আর্থ-সামাজিক উন্নয়ন সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা ।

অনুমোদিত

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, যশোর।

মামুন
মোঃ মামুনুর রহমান
সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

মোঃ সাজ্জাদ হোসেন
সভাপতি
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

CamScanner

- ❖ মা ও শিশুস্বাস্থ্য পরিচর্যা প্রকল্প গ্রহন করা।
- ❖ বৃদ্ধ-বৃদ্ধাদের জন্য সেবাসদন স্থাপন করা।
- ❖ নারী কল্যাণ কর্মসূচি গ্রহন ও বাস্তবায়ন করা।
- ❖ নিঃস্ব পুরুষ ও মহিলাদের পুনর্বাসন প্রকল্প গ্রহন করা।
- ❖ ভিক্ষাবৃত্তি রোধকল্পে কার্যক্রম গ্রহন করা ।
- ❖ গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের বৃত্তির ব্যবস্থা করা।
- ❖ শিশু ও নারী পাচার রোধে গণসচেতনতা সৃষ্টি এবং বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা।
- ❖ পিতৃমাতৃহীন অনাথ এতিম ছেলে-মেয়েদের সামাজিক শিক্ষায় শিক্ষিত করে পুনর্বাসনের ব্যবস্থা করা।
- ❖ নৈতিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষার উন্নয়নকল্পে বাস্তবমুখী কার্যক্রম গ্রহন করা।
- ❖ মানবাধিকার বাস্তবায়ন কল্পে কর্মসূচি গ্রহন ও বাস্তবায়ন করা।

**ধারা নং-০৫ সদস্য হওয়ার যোগ্যতাঃ**

সংস্থার কার্য এলাকায় বসবাসকারী কমপক্ষে ১৫ বছর বা তদুর্ধ বয়স্ক, সৎ চরিত্রবান এবং সামাজিক চেতনাবোধ সম্পন্ন বাংলাদেশী নাগরিক এই সংস্থার সদস্য হওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। পুরুষ বা মহিলা উভয়ই এই সংস্থার সদস্য বা সদস্যা হইতে পারিবেন।

**ধারা নং-০৬ সদস্য হওয়ার অযোগ্যতাঃ**

আদালত কর্তৃক দোষী সাব্যস্ত বা সাজাপ্রাপ্ত হইলে, দেউলিয়া বা পাগল হইলে রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত থাকিলে এবং সংস্থার নীতিমালা ভঙ্গ বা গঠনতন্ত্র মানিয়া চলিতে সম্মত না হইলে সদস্য বা সদস্যা পদের অযোগ্য বিবেচিত হইবেন।

**ধারা নং-০৭ সদস্য হওয়ার নিয়মাবলীঃ**

ক) সংস্থার নিয়মাবলী মানিয়া চলিতে সম্মত থাকিয়া যে কেহ সদস্য হওয়ার জন্য সভাপতির বরাবরে আবেদন পত্র দাখিল করিলে এবং কার্যকরী পরিষদ কর্তৃক তাহা অনুমোদিত হইলে প্রার্থীর সদস্যপদ প্রদান করা যাইবে। (জাতীয় পরিচয়পত্র, মোবাইল নম্বর, ছবি ২কপি সংযুক্ত করিতে হইবে।)

খ) সাধারণ সদস্যপদ লাভ করিতে হইলে ১০০ (একশত) টাকা ভর্তি ফিস প্রদান করিতে হইবে। এবং মাসিক ১০০ (একশত) টাকা হারে চাঁদা প্রদান করিতে হইবে।

**ধারা নং-০৮ সদস্যপদ ও উহার শ্রেণী বিভাগঃ**

এই সংস্থায় মোট ৩ (তিন) প্রকার সদস্য থাকিবে-যথা- (১) সাধারণ সদস্য, (২) আজীবন সদস্য (৩) দাতা সদস্য।

(১) সাধারণ সদস্যঃ ধারা ০৫ মোতাবেক যোগ্যতা সম্পন্ন ব্যক্তি যিনি ধারা ০৭ এর ক ও খ উপধারা মোতাবেক সদস্য হইবেন তিনি সাধারণ সদস্য হিসাবে বিবেচিত হইবে।

অনুমোদিত

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, যশোর।

মোঃ মামুনুর রহমান
সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

মোঃ সাজ্জাদ হোসেন
সভাপতি
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

CamScanner

(২) আজীবন সদস্য : যদি কোন ব্যক্তি সংস্থার নামে ৫০০০ (পাঁচ হাজার) অথবা সমপরিমান অর্থের মালামাল দান করিলে তিনি আজীবন সদস্য হিসেবে গন্য হইবেন। আজীবন সদস্যগণ সংস্থার পক্ষ হইতে বিশেষ সম্মানের অধিকারী হইবেন।

(৩) দাতা সদস্যঃ যদি কোন ব্যক্তি প্রতিমাসে ৫০০ টাকা করে সংস্থায় দান করে তবে সে দাতা সদস্যের পদমর্যাদা পাবেন। সংস্থার উন্নয়নে দাতা সদস্যের উপদেশ বা পরামর্শ গ্রহণ যোগ্য হইবে।

<u>ধারা নং-০৯ সদস্যপদ বাতিলের কারণঃ</u>

নিম্নবর্ণিত কারণে সদস্যপদ রহিত বা বাতিল হইতে পারে।

ক) বিনা কারণে পর পর ৬ (ছয়) মাস পর্যন্ত মাসিক চাঁদা প্রদান না করিলে।
খ) বিনা নোটিশে পর পর ৬ (ছয়) টি সভায় অনুপস্থিত থাকিলে।
গ) সংস্থার স্বার্থের পরিপন্থী এবং গঠনতন্ত্রের বহির্ভূত কার্যকলাপে লিপ্ত থাকিলে।
ঘ) মৃত্যুবরণ করিলে।
ঙ) আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইলে।
চ) দেউলিয়া কিংবা পাগল হইলে।

<u>ধারা নং-১০ সদস্যপদ পুনরুদ্ধারের নিয়মঃ</u>

ধারা ৯ এর ক হইতে চ উপধধারায় যেকোন কারণে সদস্যপদ বাতিল হইলে (ঘ ও চ উপধারা ছাড়া) উপযুক্ত কারন দর্শাইয়া পুনরায় সদস্যপদের জন্য সভাপতি বরাবরে আবেদন করিলে এবং কার্যকরী পরিষদের সভায় উহা অনুমোদিত হইলে সদস্যপদ পুনরদ্ধার করা যাইতে পারে। এ ক্ষেত্রে সমস্ত বকেয়া চাঁদা (যদি বাকি থাকে) পরিশোধ সহ পুনঃ ভর্তি ফিস বাবদ ১০০/- (একশত) টাকা প্রদান করিতে হইবে।

<u>ধারা নং-১১ সংস্থা পরিচালনা পরিষদঃ</u>

সংস্থা পরিচালনার জন্য ৩ (তিন)টি পরিষদ থাকিবে, যথা (১) সাধারণ পরিষদ (২) কার্যকরী পরিষদ, (৩) উপদেষ্টা পরিষদ।

**(ক) সাধারণ পরিষদের দায়িত্ব ও কার্যাবলী ঃ**

ধারা ০৭ এর ক ও খ উপধারা মোতাবেক গঠিত সদস্যদের সমন্বয়ে সাধারণ পরিষদ গঠিত হইবে। এই সাধারণ পরিষদ কর্তৃক বাজেট অনুমোদন, সংবিধান সংশোধন, আয়-ব্যয়ের হিসাব অনুমোদন, হিসাব নিরীক্ষা, বার্ষিক কর্ম পরিকল্পনা তৈরী ও অনুমোদন, কার্যকরী পরিষদ গঠন ইত্যাদি দায়িত্ব পালন করিবে। কার্যকরী পরিষদের সভাপতি সাধারণ পরিষদের সভায় সভাপতিত্ব করিবেন।

অনুমোদিত

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, যশোর.

মামুন
মোঃ মামুনুর রহমান
সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

মোঃ সাজ্জাদ হোসেন
সভাপতি
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

CS CamScanner

**(খ) কার্যকরী পরিষদের দায়িত্ব ও কার্যাবলীঃ**

সাধারণ সদস্যদের দ্বারা গঠিত হইবে কার্যকরী পরিষদ। কার্যকরী পরিষদ সংস্থার বিভিন্ন কার্যক্রম পরিচালনা, বার্ষিক বাজেট ও কর্মপরিকল্পনা প্রণয়ন, বার্ষিক অগ্রগতি ও আয় ব্যয়ের হিসাব প্রস্তুত এবং সাধারণ সভায় উপস্থাপন সহ কার্যকরী পরিষদ তাহাদের সকল কাজের জন্য সাধারণ পরিষদের নিকট দায়ী থাকিবে। এই পরিষদ নিম্নবর্ণিত ভাবে সাধারণ সদস্যদের মধ্য হইতে গঠিত হইবে কার্যকরী পরিষদের সদস্য সংখ্যা হইবে ৯ (নয়) এবং পরিষদের মেয়াদকাল হইবে ৩ (তিন) বৎসর।

<u>কার্যকরী পরিষদের কাঠামো হইবে নিম্নরূপঃ</u>

| | |
|---|---|
| ১। সভাপতি | ১ (এক) জন। |
| ২। সহ-সভাপতি | ১ (এক) জন। |
| ৩। সাধারণ সম্পাদক | ১ (এক) জন। |
| ৪। সহ-সাধারণ সম্পাদক | ১ (এক) জন। |
| ৫। কোষাধ্যক্ষ | ১ (এক) জন। |
| ৬। নির্বাহী সদস্য | ২ (দুই) জন। |

**মোট- ০৭ (সাত) জন।**

**গ) উপদেষ্টা পরিষদঃ**

সদস্যদের মধ্য হইতে ৯ সদস্য বিশিষ্ট্য একটি উপদেষ্টা পরিষদ কার্যকরী পরিষদ কর্তৃক গঠন করিতে হইবে এবং সাধারণ পরিষদের অনুমোদন গ্রহণ করিতে হইবে। সংস্থার সকল প্রকার উন্নয়নমূলক কাজের পরামর্শ প্রদান উপদেষ্টা পরিষদের কাজ। পরিষদের মেয়াদ কাল হইবে পরিষদ গঠনের পর হইতে ৩ (তিন) বৎসর।

**ধারা নং-১২ কার্যকরী পরিষদের সদস্যদের দায়িত্ব ও কর্তব্যঃ**

**ক) সভাপতিঃ** তিনি সংস্থা কর্তৃক আহবানকৃত প্রতিটি সভায় উপস্থিত থাকিয়া সভায় সভাপতিত্ব করিবেন। গণতান্ত্রিক সংকট বা নিয়ম শৃঙখলা রক্ষার জন্য বা প্রশ্নে তিনি সৎ পরামর্শ প্রদান করিয়া সৃষ্ট সংকট সমাধান করিবেন। সংস্থার উন্নয়ন মূলক কার্যকলাপে তিনি সবসময় সৎ পরামর্শ প্রদান করিবেন। অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে তিনি স্বাক্ষর বা অনুমোদন দান করিবেন। কোন বিতর্ক বা বিতর্কিত বিষয়ে যদি দুই পক্ষ সমান ভোট পান তবে তিনি সভাপতি হিসাবে কাসটিং ভোট প্রদান করিয়া সমস্যার সমাধান করিবেন। সংস্থার প্রতিটি বিষয় সুষ্ঠুভাবে পালিত হইতেছে কিনা তাহার প্রতি তিনি দৃষ্টি রাখিবেন। সংস্থার বাজেট ও আয়-ব্যয়ের হিসাব, দৈনন্দিন কাজের তদারকি সহ তিনি সকল কাজের প্রধান হিসাবে দায়িত্ব পালন করিবেন।

**খ) সহ-সভাপতিঃ** সভাপতির অনুপস্থিতিতে তিনি সভাপতির সকল দায়িত্ব পালন করিবেন। সহ- সভাপতি সর্বদা সভাপতিকে সংস্থার কাজে সহযোগিতা প্রদান করিবেন।

অনুমোদিত
মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, যশোর

মোঃ মামুনুর রহমান
সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

মোঃ সাজ্জাদ হোসেন
সভাপতি
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

CamScanner

**.রণ সম্পাদকঃ** সাধারণ সম্পাদক সংস্থার সকল কাজের মূল দায়িত্ব পালন করিবেন। সভাপতির অনুমোদনক্রমে সভা .হবান, বার্ষিক বাজেট প্রণয়ন, কর্ম পরিকল্পনা তৈরী এবং অনুমোদিত প্রকল্প সমূহ যথাযতভাবে বাস্তবায়ন হইতেছে কিনা তাহা তদারকি করিবেন। তিনি বার্ষিক বাজেট, আয়-ব্যয়ের হিসাব এবং প্রস্তুতকৃত বিভিন্ন প্রকল্প অনুমোদনের জন্য সাধারণ সভায় উপস্থাপন করিবেন। আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, ব্যাংকের সহিত যোগাযোগ, বিভিন্ন উন্নয়নমুখী কার্যক্রম গ্রহণ বাস্তবায়ন ও অফিসের ফাইল পত্রা সংরক্ষণে সক্রিয় ভূমিকা পালন করিবেন। তিনি সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য নগদ হাতে ১,০০০/= ( এক হাজার) টাকা রাখিতে পারিবেন। তিনি সংস্থার কার্যক্রম পরিচালনার সাথে পরিচালকের দায়িত্ব পালন করিবেন।

**ঘ) সহ-সাধারণ সম্পাদকঃ** সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে সহ সাধারণ সম্পদক তাঁহার সকল দায়িত্ব পালন করিবেন। বিশেষ ক্ষেত্রে তিনি সাধারণ সম্পাদকের প্রতিনিধি হিসাবে কার্য সম্পাদন করিতে পারিবেন। তিনি সর্বদা সাধারণ সম্পাদককে সহযোগিতা প্রদান করিবেন।

**ঙ) কোষাধ্যক্ষঃ** সংস্থার অনুকূলে যাবতীয় নগদ অর্থ তিনি সংরক্ষণ করিবেন। প্রয়োজনবোধে যাবতীয় অর্থ বা চেক তিনি ব্যাংকে জমা প্রদান করিবেন। সভাপতি ও সাধারণ সম্পাদকের অনুমোদিত যে কোন বিল বা ভাউচার তাহার নিকট দাখিল করা হইলে তিনি তাহা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। ক্যাশ বহি লিখন ও অন্যান্য আর্থিক লেনদেন তিনি সম্পাদন করিবেন।

**চ) সদস্যঃ** কার্যকরী পরিষদের সকল সভায় উপস্থিত থাকিয়া সভাকে সাফল্যমন্ডিত করিবেন ও সংস্থার উন্নয়নের লক্ষ্যে সভায় বিভিন্ন মতামত ব্যক্ত করিতে পারিবেন।

**ধারা নং-১৩ : বিভিন্ন সভ্য এবং উহার শ্রেণী বিভাগঃ**

এই সংস্থায় ৫ (পাঁচ) প্রকার সভার ব্যবস্থা থাকিবে। যথাঃ ক) সাধারণ সভা, খ) কার্যকরী পরিষদের সভা, গ) জরুরী সভা, ঘ) তলবী সভা, ঙ) মূলতবী সভা।

**ক) সাধারণ সভা ঃ** এই সভা বৎসরে অন্তত পক্ষে ১ (এক) বার অনুষ্ঠিত হইবে। সভাপতির অনুমোদনক্রমে সাধারণ সম্পাদক এই সভা আহবান করিবেন। সভার স্থান, তারিখ ও সময় এবং সভার আলোচ্যসূচী উল্লেখপূর্বক ১০ (দশ) দিন পূর্বে সভার বিজ্ঞপ্তি নোটিশ বইয়ের মাধ্যমে সদস্যদের নিকট পৌছাইতে হইবে। ২/৩ অংশ সদস্যদের উপস্থিতিতে এই সভার কোরাম পূরণ হইবে।

**খ) কার্যকারী পরিষদের সভা ঃ** কার্যকরী পরিষদের সভা সভাপতির অনুমোদনক্রমে ৭ (সাত) দিনের নোটিশে সাধারণ সম্পাদক এই সভা আহবান করিবেন। সভার বিজ্ঞপ্তিতে সভার স্থান, তারিখ ও সময় এবং সভার আলোচ্যসূচী উল্লেখপূর্বক সভা অনুষ্ঠানের কমপক্ষে ৩ (তিন) দিন পূর্বে নোটিশ বইয়ের মাধ্যমো সদস্যদেরকে অবহিত হইবে। বৎসরে কমপক্ষে ৪ (চার) বার সভা অনুষ্ঠিত হইবে। ২/৩ অংশ সদস্যের উপস্থিতিতে এই সভার কোরাম পূর্ণ হইবে।

অনুমোদিত

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, যশোর।

মোঃ মামুনুর রহমান
সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

মোঃ সাজ্জাদ হোসেন
সভাপতি
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

CamScanner

গ) জরুরী সভাঃ বিশেষ জরুরী প্রয়োজনে সভাপতি অথবা সভাপতির অনুমোদনক্রমে সাধারণ সম্পাদক জরুরী সাধারণ সভা (তিন) দিনের বিজ্ঞপ্তিতে এবং জরুরী কার্যকরী পরিষদের সভা ২৪ (চব্বিশ) ঘন্টার বিজ্ঞপ্তিতে আহবান করিতে পারিবেন। ২/৩ ভাগ সদস্যর উপস্থিতিতে এই সভার কোরাম পূর্ন হইবে। এই সভার বিজ্ঞপ্তিতে সভার আলোচ্যসূচী এবং সভা আহবানের কারণ উল্লেখ করিয়া নোটিশ বইয়ের মাধ্যমে সদস্যদের নিকট নিশ্চিত ভাবে জানাইতে হইবে। জরুরী সাধারণ সভা অথবা জরুরী কার্যকরী পরিষদের সভায় আলোচ্যসূচী থাকিবে ১ (এক) টি।

**ঘ) তলবী সভাঃ** আভ্যন্তরীণ গোলযোগ বা অন্য কোন জরুরী প্রয়োজনে সভা আহবানের প্রয়োজন দেখা দিলে সদস্যগণই এই সভা আহবান করিতে পারিবেন। মোট সাধারণ সদস্যদের ২/৩ (দুই তৃতীয়াংশ) সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে এবং গৃহীত সিদ্ধান্ত সমূহ সকলকে মানিয়া চলিতে হইবে।

**ঙ) মূলতবী সভাঃ** কোরামের অভাবে সভা পরিচালনা করা সম্ভব না হইলে পরবর্তী সময়ে সভা পরিচালনার জন্য সিদ্ধান্ত নেওয়া হইবে। মূলতবী সভায় কোরামের প্রয়োজন হইবে না।

**ধারা নং-১৪ নির্বাচন পদ্ধতি**

কার্যকরী পরিষদের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর। পরিষদের মেয়াদ উত্তীর্ণ হইবার ১ মাস পূর্বে নির্বাচন কার্যাদি সম্পন্ন করিতে হইবে এবং মেয়াদা উত্তীর্ণ হইবার দিন নতুন কার্যকরী পরিষদের নিকট দায়িত্ব হস্তান্তর করিতে হইবে। সংস্থার সকল সদস্য একমত হইলে নির্বাচন না হইয়া সাধারণ সভায় মনোনয়নের মাধ্যমে কার্যকরী পরিষদ গঠন করা যাইবে। যাহাদের চাঁদা হাল নাগাদ পরিশোধ নাই তাহারা ভোটার হিসাবে গণ্য হইবেন না। নির্বাচন পরিচালনার জন্য কার্যকরী পরিষদ কর্তৃক ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন পরিচালনা কমটি গঠন করিতে হইবে। নির্বাচন কমিটির সদস্যগন নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারিবেন না। সাধারণ সম্পাদক সভাপতির অনুমোদনক্রমে নির্বাচনের একমাস পূর্বে ভোটার তালিকা প্রণয়ন পূর্বক তাহা সংস্থার নোটিশ বোর্ডে টানাইয়া দিবেন এবং সকল সদস্যদের নোটিশের মাধ্যমে অবহিত করিবেন। নির্বাচনের কমপক্ষে ১ মাস পূর্বে নির্বাচন পরিচালনা কমিটির নিকট ভোটার তালিকা সহ নির্বাচনের যাবতীয় কাগজ পত্রাদি সাধারণ সম্পাদক প্রদান করিবেন। নির্বাচন পরিচালনা কমিটি সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনার জন্য নির্বাচনী তফশীল ঘোষণা করিবেন এবং ঘোষিত তফশীল অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হইবে নির্বাচনে অংশগ্রহনকারী প্রার্থী অবশ্যই ৮ নং দেয়াড়া মডেল ইউনিয়নের স্থায়ী বসবাসকারী হইতে হবে। কোন কারণ বশতঃ কার্যকরী পরিষদের মেয়াদ শেষ হইয়া নতুন কমিটি গঠনে বিলম্ব হইলে তাহা যথা সময়ে রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষকে জানাইতে হইবে। এক্ষেত্রে রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষ সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য একটি এডহক কমিটি গঠন করিয়া দিবেন। এডহক কমিটির মেয়াদ শেষান্তে কার্যকরী পরিষদ গঠন পূর্বক রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন করিতে হইবে।

অনুমোদিত

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, যশোর।

মোঃ মামুনুর রহমান
সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

মোঃ সাজ্জাদ হোসেন
সভাপতি
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

CamScanner

-১৫ ঃ

**অনাস্থা প্রস্তাবঃ** যদি কোন সময় কার্যকরী পরিষদের কোন কর্মকর্তা সংস্থার স্বার্থের পরিপন্থি কোন কাজ করেন তবে তাহার বিরুদ্ধে কার্যকরী পরিষদের ২/৩ ভাগ সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাব আনায়ন করা যাইবে। সমস্ত কার্যকরী পরিষদের বিরুদ্ধেও উপরোক্ত অবস্থা সাধারণ সদস্যদের ২/৩ অংশ সদস্য কর্তৃক অনাস্থা আনায়ন করা যাইবে। অনাস্থার মাধ্যমে কোন সদস্যের শূন্য হইলে সভাপতি সাময়িক মনোনয়নের মাধ্যমে শূন্যপদ পূরণ করিবেন। কোন কারণ বশতঃ কার্যকরী পরিষদ ভাংগিয়া গেলে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতিক্রমে এডহক কমিটি গঠনের মাধ্যমো সংস্থার কার্যক্রম পরিচালনা করা যাইবে।

**ধারা নং-১৬: কর্মচারী নিয়োগঃ**

সংস্থার জন্য কর্মকর্তা/কর্মচারী নিয়োগের প্রয়োজন দেখা দিলে কার্যকরী পরিষদ কর্তৃক একটি নিয়োগ কমিটি গঠন করিতে হইবে। এই নিয়োগ কমিটিতে স্থানীয় সমাজ সেবা অফিসের একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করিতে হইবে।

**ধারা নং-১৭: সংস্থার আয়ের উৎসঃ**

সদস্য চাঁদা, দান, অনুদান সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান বা ব্যক্তির দান সংস্থার আয়ের উৎস হিসাবে গন্য হইবে। তাহা ছাড়া সংস্থার উৎপাদিত দ্রব্য সামগ্রীর বিক্রয়লব্ধ অর্থ ও আয়ের উৎস হিসাবে গন্য হইবে। সংস্থার অনুকূলে প্রাপ্ত সকল অর্থই জনকল্যাণ মূলক কর্মকান্ডে ব্যয় করিতে হইবে।

**ধারা নং-১৮: আর্থিক প্রশাসনঃ**

**ক) ব্যাংক হিসাবে পরিচালনা ঃ** সংস্থার নামে স্থানীয় যে কোনা বাণিজ্যিক ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খুলিতে হইবে। এই হিসাব ০৩ (তিন জনের) যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে। বিভিন্ন সূত্র হইতে প্রাপ্ত নগদ অর্থ বা চেক এই হিসাবে জমা করিতে হইবে। সকল অর্থই চেকের মাধ্যমে উত্তোলন করিতে হইবে। সংস্থার স্বাভাবিক খরচ সমূহ পরবর্তী কার্যকারী পরিষদের সভায় অনুমোদন করাইয়া লইতে হইবে। সাধারণ সম্পাদক নগদ ১,০০০/= (এক হাজার) টাকার বেশী হাতে রাখিতে পারিবেন না। বড় ধরনের কোন খরচের প্রশ্ন দেখা দিলে সাধারন সভায় তাহা অনুমোদনের জন্য পেশ করিয়া অনুমোদন লাভের পর সেই খরচ করা যাইবে। কোষাধ্যক্ষ সকল আয়-ব্যয়ের হিসাব সংরক্ষন করিবেন।

**খ) সংস্থার আয়-ব্যয় হিসাব নিরীক্ষন (অডিট) ঃ** সংস্থার সদস্যদের মধ্য হইতে যে কোন ৩ (তিন) জন সদস্যের সমন্বয়ে একটি টিম গঠন করিয়া প্রতি ৬ (ছয়) মাস অন্তর অন্তর সংস্থার হিসাব পরীক্ষা-নিরীক্ষা করাইতে হইবে। এই টিম কর্তৃক হিসাব নিরীক্ষানের পর ১৫ (পনর) দিনের মধ্যে সভাপতির নিকট প্রতিবেদন দাখিল করিতে হইবে। তাহা ছাড়াও সংস্থার আয়-ব্যয় এর হিসাব প্রতি বছর সংশ্লিষ্ট সমাজ সেবা অফিসার বা রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের মনোনীতে কর্মকর্তা দ্বারা নিরীক্ষন করাইয়া লইতে হইব। বৈদেশিক সাহায্য প্রাপ্তির ক্ষেত্রে প্রয়োজনবোধে সি, এ, ফর্ম দ্বারা অডিট করানো যাইবে।

অনুমোদিত

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, যশোর,

মামুন
মোঃ মামুনুর রহমান
সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

মোঃ সাজ্জাদ হোসেন
সভাপতি
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

CS CamScanner

**ধারা-১৯: সংবিধান সংশোধন বা পরিবর্তনঃ**

যদি কোন সময় বা কোন পরিস্থিতিতে সংবিধানের কোন ধারা বা উপধারা পরিবর্তন, পরিবর্ধন সংয়োজন বা সংকোচ অথবা বিয়োজনের প্রয়োজন দেখা দেয়, তাহা হইলে প্রথমে কার্যকারী পরিষদের সভায় সেই সমস্ত বিষয় সংশোধন পূর্বক একটি খড়সা সংবিধান প্রস্তুত করিত হইবে এবং তাহা সাধারণ সভায় অনুমোদনের জন্য দাখিল করিতে হইবে। সাধারণ পরিষদের মোট সদস্যের ২/৩ অংশ সদস্যের উপস্থিতিতে সংবিধান সংশোধন বিষয়ে অনুমোদন গ্রহণ করিয়া চূড়ান্ত অনুমোদনের জন্য সংশ্লিষ্ট সমাজ সেবা অফিসের মাধ্যমে রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনের পর তাহা কার্যকারী হইবে।

**ধারা-২০: সংস্থার বিলুপ্ত সাধনঃ**

যদি কোন কারণ বশতঃ এই সংস্থার বিলুপ্তির প্রশ্ন দেখা দেয়, তাহা হইলে সকল শ্রেণীর সর্বমোট সদস্যের ২/৩ (দুই তৃতীয়াংশ) অংশ সদস্য রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের নিকট সংস্থার বিলুপ্তি চাহিয়া লিখিতভাবে আবেদন করিবেন। রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষ নিজে বা তাহার মনোনিত কোন কর্মকর্তা দ্বারা বিষয়টি সরেজমিনে তদন্ত করিয়া প্রয়োজন বোধে সংস্থার বিলুপ্তি ঘোষনা করিবেন। সংস্থার বিলুপ্তি ঘোষিত হইলে সংস্থার সকল দায়-দেনা পরিশোধান্তে সংস্থার যাবতীয় স্থাবর বা অস্থাবর সম্পত্তি সমাজ সেবা অধিদপ্তরের অনুকুলে চলিয়া যাইবে।

অনুমোদিত

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, যশোর।

মোঃ মামুনুর রহমান
সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

মোঃ সাজ্জাদ হোসেন
সভাপতি
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

CS CamScanner

# হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশ[illegible]

একটি অরাজনৈতিক সেচ্ছাসেবী প্রতিষ্ঠা[illegible]

আমদাবাদ, যশোর সদর, যশোর।

মোবাইলঃ ০১৯১০৩১১৩০৪,০১৭৪৪৭৬৫২৬৪

স্থাপিতঃ ০৫/০৫/২০২২ইং





## কার্যনির্বাহী কমিটির সদস্যদের নামের তালিকা

(মেয়াদ কাল ০১/০১/২০২৬ ইং - ৩১/১২/২০২

| ক্র নং | নাম | পিতা/স্বামীর নাম | মাতার নাম | স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর | শিক্ষাগত যোগ্যতা | জন্ম তারিখ ও জাতীয় পরিচয়পত্র নম্বর | পেশা | কমিটির পদবী | স্বাক্ষর | ছবি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | মোঃ সাজ্জাদ হোসেন | মোঃ শাহাজান আলী | শেফালী বেগম | গ্রামঃ সিলুমপুর, আমদাবাদ বাজার, সদর, যশোর। মোবাঃ০১৭৪৪৭৬৫২৬৪ | MBBS, DMUD,BCS রাজশাহী মেডিকেল কলেজ | ০৭-০১-১৯৯২ইং ২৮৫৪৯৮৯২৫৪ | চিকিৎসক ২৫০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল, যশোর | সভাপতি | |  |
| ২. | মোঃ আবু জাফর | মোঃ আঃ সালাম | ফাতেমা বেগম | গ্রামঃ আমদাবাদ, আমদাবাদ বাজার, সদর, যশোর। মোবাঃ০১৭১৯৫৬৩৮৭৯ | HSC আমদাবাদ কলেজ, যশোর। | ২১-১০-১৯৯২ইং ২৮০৪৮০৬২৯৩ | ব্যবসা | সহ-সভাপতি | |  |
| ৩. | মোঃ মামুনুর রহমান | মোঃ ওলিয়ার রহমান | বিউটি বেগম | গ্রামঃ আলমনগর, আমদাবাদ বাজার, সদর, যশোর। মোবাঃ০১৯১০৩১১৩০৪ | BA সরকারি এম,এম কলেজ, যশোর। | ০২-০৩-১৯৯৭ইং ৫৫৫২৭৯৮৫৩৯ | শিক্ষক জ্ঞানকোষ কোচিং সেন্টার | সাধারণ সম্পাদক | মামুন |  |
| ৪. | মোঃ মেহেদী হাসান | মোঃ আব্দুল লতিফ | শেফালী বেগম | গ্রামঃ ফরিদপুর, আমদাবাদ বাজার, সদর, যশোর। মোবাঃ০১৭১১২৭৫২৪৩ | BA উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, যশোর। | ২৫-১২-১৯৯১ইং ২৮৩৬২৬০২২০ | সাংবাদিক দৈনিক রুপান্তর প্রতিদিন, যশোর। | সহ-সাধারণ সম্পাদক | মেহেদী |  |
| ৫. | মোঃ ইয়াছির আরাফাত | মোঃ আক্করাম হোসেন | শেফালী বেগম | গ্রামঃ সিলুমপুর, আমদাবাদ বাজার, সদর, যশোর। মোবাঃ০১৭২৪০৪০০৪৮ | MA সরকারি এম,এম কলেজ,যশোর। | ২০-১২-১৯৯২ইং ৮৬৭৭৫৮১৯৯৬ | দলিল লেখক, যশোর। | কোষাধ্যক্ষ | |  |
| ৬. | রজু আহমেদ | মোঃ হেলাল উদ্দীন | মোছাঃ মীরা বেগম | গ্রামঃ আলমনগর, আমদাবাদ বাজার, সদর, যশোর। মোবাঃ০১৭৪৫৬১২০৭৮ | B.SC সরকারি কে সি কলেজ, ঝিনাইদহ। | ২৩-০১-১৯৯৯ইং ৪৬৫৫০৫৬৮৮৭ | ছাত্র | নির্বাহী সদস্য | রাজু |  |
| ৭. | মোঃ ইনজামামুল হক | মোঃ আক্করাম হোসেন | রেহেনা খাতুন | গ্রামঃ চান্দুটিয়া, চান্দুটিয়া , [illegible]দর, যশোর। মোবাঃ ০১৭৪৫০৯৪৪৮৬ | MA সরকারি এম,এম কলেজ,যশোর। | ০৬-১০-১৯৯৭ইং ১০২৬৪১৭৪৬৭ | ব্যবসা , যশোর। | নির্বাহী সদস্য | ইনজামামুল |  |

অনুমোদিত

প্রতিস্বাক্ষরিত
আশিকুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
যশোর সদর, যশোর।

মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, যশোর।

মামুন
মোঃ মামুনুর রহমান
সাধারণ সম্পাদক
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

মোঃ সাজ্জাদ হোসেন
সভাপতি
হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
আমদাবাদ বাজার, সদর-যশোর

CamScanner

ক্রমিক নম্বর ঃ

০০৩৪২১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদফতর,ঢাকা

জেলা সমাজসেবা কার্যালয়,যশোর

নিবন্ধন নম্বর যশোর-১৭৪০/২৬
তাং-১৩.০৪.২০২৬

# নিবন্ধন সনদপত্র

১৯৬১ সালের স্বেচ্ছামূলক সমাজকল্যাণ প্রতিষ্ঠান (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ ) অধ্যাদেশ ( নম্বর ৪৬ ) এর ৪(৩) ধারার অধীনে "হিউম্যান ডেভেলপমেন্ট অর্গানাইজেশন" গ্রাম/মহল্লা আমদাবাদ বাজার ডাকঘর যশোর সদর থানা যশোর সদর জেলা যশোর, বাংলাদেশকে দুইহাজারছাব্বিশ সালের এপ্রিল মাসের তের তারিখে উপরে বর্ণিত আইনের শর্তাদি পূরণ করায় নিম্ন স্বাক্ষরকারীর নিজ স্বাক্ষরে ও সরকারী সীলমোহরে নিবন্ধন করা হলো। নিবন্ধনকৃত প্রতিষ্ঠানটি অনুমোদিত গঠনতন্ত্র অনুযায়ী জেলায়/~~সমগ্র বাংলাদেশে~~ এর কার্যক্রম পরিচালনা করতে পারবে এবং এর প্রমান স্বরূপ এ সনদপত্র প্রদান করা হলো।

নিবন্ধনকৃত প্রতিষ্ঠানটির নিবন্ধন নম্বরঃ যশোর-১৭৪০/২৬

স্থানঃ যশোর
তারিখঃ ১৩.০৪.২০২৬

অফিসের গোল সীল

নিবন্ধনকারী কর্তৃপক্ষ
সমাজসেবা অধিদফতর,ঢাকা
জেলা সমাজ সেবা কার্যালয়, যশোর